দৈনিক বাংলা

৩১।১।৮২

662

# পর্যায়ক্রমে শিক্ষা ব্যবস্থা জাতীয়করণ করা হবে : চীফ হুইপ

(নিজস্ব সংবাদদাতা প্রেরিত)

ব্রাহ্মণবাড়িয়া, ৩০শে জানুয়ারী—সরকার দেশের শিক্ষা ক্ষেত্রে বৈষম্য দূর করে একটি জাতীয় শিক্ষাব্যবস্থা প্রবর্তন করার পরিকল্পনা হাতে নিয়েছেন এবং পর্যায়ক্রমে দেশের সকল মাধ্যমিক স্কুল ও কলেজ জাতীয়করণের লক্ষ্যে এগিয়ে যাচ্ছেন।

আজ স্থানীয় মডেল গার্লস হাই স্কুল মিলনায়তনে ব্রাহ্মণবাড়িয়া মহকুমা মাধ্যমিক স্কুল শিক্ষক সমিতির ত্রিবার্ষিক সম্মেলনে প্রধান অতিথির ভাষণদানকালে জাতীয় সংসদের চীফ হুইপ জনাব হারুন আল রশীদ একথা বলেন।

শিক্ষক সমাজকে দেশের মানুষ তৈরি কারিগর বলে অভিহিত করে তিনি শিক্ষা প্রতিষ্ঠানকে ডিগ্রীদান কেন্দ্র না করে মানুষ তৈরির কারখানা করার শিক্ষক সমাজের প্রতি আহ্বান জানান।

ব্রাহ্মণবাড়িয়া মহকুমা শিক্ষক সমিতির সভাপতি ও স্থানীয় নেয়াজ মোহাম্মদ হাইস্কুলের প্রধান শিক্ষক জনাব আবু সাঈদ মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত এই ত্রিবার্ষিক সম্মেলনে কুমিল্লা ও ব্রাহ্মণবাড়িয়ার বিভিন্ন শিক্ষক প্রতিনিধি বক্তব্য রাখেন।